

ভারতীয় সংবিধানের মৌলিক অধিকার

■ মৌলিক অধিকারঃ

কোনো রকম ভেদাভেদ ছাড়াই সকল জনগণকে নিজ দেশের মধ্যে যে মানবাধিকার গুলি প্রদান করা হয়, সেগুলি সেই দেশের মানুষের মৌলিক অধিকার বলা হয়।

ভারতীয় সংবিধানের তৃতীয় অধ্যায়ে (Part-III) ১২-৩৫ নং ধারার মধ্যে মৌলিক অধিকারের বিষয়টি উল্লেখিত রয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান থেকে ভারতীয় সংবিধানের মৌলিক অধিকারের ধারণাটি গৃহীত হয়েছে। ভারতীয় সংবিধান রচনাকালে সাত টি মৌলিক আধিকার এর কথা বলা হয়েছিল, কিন্তু ১৯৭৮ সালে ৪৪তম সংবিধান সংশোধনী আইন এর দ্বারা 'সম্পত্তির অধিকার' - মৌলিক অধিকারের তালিকা থেকে বাদ দিয়ে সাধারণ আইনই অধিকারের মর্যাদা দেওয়া হয়েছে।

সুতরাং বর্তমানে ভারতীয় সংবিধানের মৌলিক অধিকারের সংখ্যা ৬টি। যথা-

০১. সাম্যের অধিকার (১৪-১৮ নং ধারা)
০২. স্বাধীনতার অধিকার (১৯-২২ নং ধারা)
০৩. শোষণের বিরুদ্ধে অধিকার (২৩-২৪ নং ধারা)
০৪. ধর্মীয় স্বাধীনতার অধিকার (২৫-২৮ নং ধারা)
০৫. সংস্কৃতি ও শিক্ষা বিষয়ক অধিকার (২৯-৩০ নং ধারা)
০৬. সাংবিধানিক প্রতিবিধানের অধিকার (৩২ নং ধারা)

■ সাম্যের অধিকারঃ ভারতীয় সংবিধানের ১৪ থেকে ১৮ নং ধারায় বর্ণিত সাম্যের অধিকার গুলি হল -

- ১৪ নং ধারাঃ আইনের দৃষ্টিতে সাম্য
- ১৫ নং ধারাঃ বৈষম্যের নিষেধাজ্ঞা
- ১৬ নং ধারাঃ সরকারী চাকরিতে নিয়োগের ক্ষেত্রে সমস্ত নাগরিকদের সমানাধিকার
- ১৭ নং ধারাঃ অস্পৃশ্যতা বিলুপ্তি
- ১৮ নং ধারাঃ খেতাব নিষিদ্ধকরণ

■ স্বাধীনতার অধিকারঃ ভারতীয় সংবিধানের ১৯ থেকে ২২ নং ধারায় উল্লেখিত স্বাধীনতার অধিকার গুলি হল -

- ১৯ নং ধারাঃ এই ধারায় ৬ প্রকার অধিকার সংযোজিত আছে, সেগুলি হল - ক) স্বাধীনভাবে বাক্ ও মতামত প্রকাশের অধিকার; খ) শান্তিপূর্ণ ও নিরস্ত্রভাবে সমবেত হওয়ার অধিকার; গ) সমিতি বা ইউনিয়ন গঠনের অধিকার; ঘ) ভারতের সর্বত্র চলাফেরা করার অধিকার; ঙ) ভারত ভূখণ্ডের যেকোনো অংশে থাকা বা বসবাসের অধিকার; চ) যেকোনো বৃত্তি, পেশা বা ব্যবসা-বাণিজ্য করার অধিকার।

২০ নং ধারাঃ দোষী সাব্যস্ত হওয়া ও শাস্তি প্রদত্ত হওয়া থেকে সুরক্ষা

২১ নং ধারাঃ স্বাধীনতার অধিকার (জীবন ও ব্যক্তিগত)

২২ নং ধারাঃ কোন ব্যক্তি গ্রেপ্তারি ও অকারনে আটক হওয়া থেকে সুরক্ষা

■ শোষণের বিরুদ্ধে অধিকারঃ ভারতীয় সংবিধানের ২৩ ও ২৪ নং ধারায় উল্লেখিত শোষণের বিরুদ্ধে অধিকার গুলি হল -

২৩ নং ধারাঃ বেগার প্রথা, শক্তিপ্রয়োগ দ্বারা শ্রমদান নিষিদ্ধকরণ

২৪ নং ধারাঃ শিশুশ্রম নিষিদ্ধকরণ

■ ধর্মীয় স্বাধীনতার অধিকারঃ ভারতীয় সংবিধানের ২৫ থেকে ৩২ নং ধারায় উল্লেখিত ধর্মীয় স্বাধীনতার অধিকার গুলি হল -

২৫ নং ধারাঃ বিবেকের স্বাধীনতা, ধর্মস্বীকার, ধর্মপালন ও ধর্মপ্রচারের স্বাধীনতা

২৬ নং ধারাঃ ধর্মীয় কার্যাবলী পরিচালনের স্বাধীনতা

২৭ নং ধারাঃ ধর্মীয় প্রচারের উদ্দেশ্যে কর আদায় নিষিদ্ধকরণ

২৮ নং ধারাঃ শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মীয় শিক্ষাদানে নিষিদ্ধকরণ

■ সংস্কৃতি ও শিক্ষা বিষয়ক অধিকারঃ ভারতীয় সংবিধানের ২৯ ও ৩০ নং ধারায় উল্লেখিত শোষণের বিরুদ্ধে অধিকার গুলি হল -

২৯ নং ধারাঃ সংখ্যালঘুদের স্বার্থ সংরক্ষণ

৩০ নং ধারাঃ শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন ও তার পরিচালনার জন্য সংখ্যালঘুদের অধিকার প্রদান করা

■ সাংবিধানিক প্রতিবিধানের অধিকারঃ মৌলিক অধিকারগুলিকে যথাযথভাবে কার্যকর করার জন্য এবং মৌলিক অধিকারগুলির পবিত্রতা রক্ষার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সম্পর্কে সংবিধানে যে অধিকারগুলি লিপিবদ্ধ হয়েছে, তাদের বলে সাংবিধানিক প্রতিবিধানের অধিকার।

এটি হল সেই অধিকার যার মাধ্যমে মৌলিক অধিকার উলঙ্ঘন হলে শীর্ষ আদালতের দ্বারস্থ হওয়া যায়। ভারতীয় সংবিধানে ৩২ নং ধারায় সাংবিধানিক প্রতিবিধানের অধিকারটি উল্লিখিত হয়েছে।

৩২ নং ধারা বলে সুপ্রিমকোর্ট ও ২২৬ নং ধারা বলে হাইকোর্ট ৫ ধরনের লেখ (writ) জারি করে মৌলিক অধিকারগুলি সুরক্ষিত করতে পারে। এই লেখ গুলি হল - ক) বন্দী প্রত্যক্ষীকরণ খ) পরমাদেশ গ) প্রতিষেধ ঘ) অধিকার পৃচ্ছা ঙ) উৎপ্রেষণ

মৌলিক কর্তব্য বলতে কি বোঝায়?

মৌলিক কর্তব্য এর ধারণাটি সোভিয়েত রাশিয়ার সংবিধান থেকে গৃহীত হয়েছে। ভারতীয় সংবিধান কার্যকর হয়, তখন মৌলিক কর্তব্য ভারতীয় সংবিধানের অন্তর্ভুক্ত ছিল না। 1976 সালে 42 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে মৌলিক কর্তব্যের ধারণা অন্তর্ভুক্ত করা হয়েছে ভারতীয় সংবিধানে। ভারতীয় সংবিধানে মৌলিক কর্তব্যের ধারণা অন্তর্ভুক্তিকরণের মূল উদ্দেশ্য ভারতীয় নাগরিকদের অসাংবিধানিক কর্মকাণ্ড থেকে বিরত রাখা। প্রতিটি ভারতীয় নাগরিকের মৌলিক কর্তব্যের শংখ্যা ছিল দশটি বর্তমানে (এগারটি)। এগুলি non-justiciable, অর্থাৎ পালন না করা আইনত দণ্ডনীয় নয়। 1976 সালে 42 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে, ভারতীয় নাগরিকদের জন্য অবশ্য পালনীয় 10টি কর্তব্য অন্তর্ভুক্ত করা হয়েছিল ভারতীয় সংবিধানে। 2002 সালে 86 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে আরও একটি কর্তব্য অন্তর্ভুক্ত করা হয় মৌলিক কর্তব্যের তালিকায় বর্তমানে ভারতীয় নাগরিকদের মৌলিক কর্তব্য সংখ্যা 11।